



এশী জ্যোতিই আমাদের পথ প্রদর্শক

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

রাজশাহী-৬২০৪

টেলিফোন নম্বর: (০৭২১)-৭৫০৭৯৮, ফ্যাক্স : +৮৮০-৭২১-৭৫০৯৩৫
E-mail : registrar@ruet.ac.bd, ওয়েবসাইট: www.ruet.ac.bd

স্মারক নং- ১৭২৪

তারিখঃ ২২/১১/২০১৭ খ্রি:।

১ম বর্ষ স্নাতক কোর্সে ভর্তি পরীক্ষার ফলাফল ও ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ১ম বর্ষ স্নাতক কোর্সে ভর্তির জন্য গত ১৭ নভেম্বর ২০১৭ খ্রি: তারিখে অনুষ্ঠিত ভর্তি পরীক্ষার ফলাফল একাডেমিক কাউন্সিলের অনুমোদন সাপেক্ষে প্রকাশ করা হলো। ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রকৌশল বিভাগসমূহ ও ইউআরপি বিভাগে ভর্তির জন্য প্রথম ৩১০৪ জন (মেধাক্রম ০১ হতে মেধাক্রম ৩১০৪ পর্যন্ত) প্রার্থীর তালিকা রোল নম্বরের ক্রমাণুসারে সারণী-১ এ, আর্কিটেকচার বিভাগে ভর্তির জন্য প্রথম ১৮৬ জন (মেধাক্রম ০১ হতে মেধাক্রম ১৮৬ পর্যন্ত) প্রার্থীর তালিকা রোল নম্বরের ক্রমাণুসারে সারণী-২ এ এবং সংরক্ষিত আসনে ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা সারণী-৩ এ প্রকাশ করা হলো।

সংশ্লিষ্ট প্রার্থীদের অত্র বিশ্ববিদ্যালয়ে ভর্তির নিমিত্তে নিম্নলিখিত কাগজপত্রাদি জমা প্রদান করতে হবেঃ

- (১) এসএসসি অথবা সমমানের পরীক্ষার মূল সার্টিফিকেট,
- (২) এসএসসি অথবা সমমানের পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট,
- (৩) এইচএসসি অথবা সমমানের পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট,
- (৪) এইচএসসি অথবা সমমানের পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড,
- (৫) সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত মূল প্রশংসাপত্র,
- (৬) সত্যায়িত ব্যতিরেকে ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সদ্যতোলা রঙ্গীন ছবি (ফরমাল পোশাকে),
- (৭) উপজাতী/ক্ষুদ্র জাতিসত্তা/নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে উপজাতী/ক্ষুদ্র জাতিসত্তা/নৃ-গোষ্ঠী-এর সনদের মূল কপি।

এতদ্ব্যতীত কোন অনুমোদিত প্যাথলজি হতে নিম্নলিখিত পরীক্ষাগুলো সম্পন্নপূর্বক রিপোর্ট ভর্তির দিন অত্র বিশ্ববিদ্যালয়ের দায়িত্বপ্রাপ্ত মেডিক্যাল অফিসারের নিকট জমা প্রদান করতে হবেঃ

- ১। HB%, ESR
- ২। Hbs Ag
- ৩। Urine for R/M/E
- ৪। CXR(P-A) view (Digital)

অত্র বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবন-৪ (পুরকৌশল ভবন)- এ নির্ধারিত কমিটির নিকট সনদসমূহ যাচাইয়ের জন্য উপস্থিত হতে হবে। অন্য প্রতিষ্ঠানে ভর্তিকৃত প্রার্থীদের উক্ত শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে বিভাগীয় প্রধান)-এর নিকট হতে এই মর্মে সার্টিফিকেট আনতে হবে যে, সে অত্র বিশ্ববিদ্যালয়ে ভর্তি হলে তাকে ছাড়পত্র দেয়া হবে এবং তার সনদপত্রসমূহ ফেরৎ দেয়া হবে। ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের সনদপত্র যাচাই-এর সময় ভর্তি ইচ্ছুক ছাত্র/ছাত্রীদের (১) শিক্ষা বৃত্তান্ত, (২) ছাত্র/ছাত্রী নিবন্ধীকরণ ফরম, (৩) ভর্তি ইচ্ছুক ছাত্র/ছাত্রীর সনদপত্রাদি জমার ফরম ও (৪) তাদের বিভাগের পছন্দক্রম নির্ধারিত ফরম মোট ০৪ (চার) টি ওয়েব সাইট (www.ruet.ac.bd/admission) হতে ডাউনলোড করে অবশ্যই যথাযথ ভাবে পূরণ করে সংগে আনতে হবে। বিভাগ নির্ধারণ মেধা ও পছন্দের ক্রম অনুসারে হবে। প্রাথমিক পর্যায়ে ছাত্র/ছাত্রীদেরকে যে বিভাগই প্রদান করা হোক না কেন ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পরে তাদের মেধা ও পছন্দের ক্রম অনুসারে বিভাগ নির্ধারণ চূড়ান্ত করা হবে।

সনদপত্রাদি যাচাইয়ের পর একই তারিখে স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য প্রমাণিত হলে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় ফিস জমা প্রদানপূর্বক তাদেরকে ভর্তি হতে হবে। ভর্তির সময় সর্বমোট ১৬,০০০/- (ষোল হাজার) টাকা লাগবে। কোন প্রার্থী নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে ব্যর্থ হলে তার ভর্তির যোগ্যতা বাতিল হয়ে যাবে এবং আসন খালি থাকা সাপেক্ষে মেধা তালিকা হতে মেধাক্রম অনুযায়ী পর্যায়ক্রমে খালি/শূন্য আসনে ভর্তি করা হবে।

বিশেষ দ্রষ্টব্য :

- ১। অনবধানতাবশতঃ কোন প্রকার ভুলত্রুটি বিশ্ববিদ্যালয়ের ভর্তি কমিটির সিদ্ধান্ত মোতাবেক যে কোন সময় সংশোধনযোগ্য।
- ২। অত্র বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে হলসমূহে ছাত্র/ছাত্রীদের সীট খালি না থাকলে ছাত্র/ছাত্রীদের নিজ দায়িত্বে থাকা-খাওয়ার ব্যবস্থা করতে হবে।

সনদপত্রাদি যাচাই, স্বাস্থ্য পরীক্ষা ও ভর্তি শুরু তারিখ

ক্রমিক নং	ভর্তির বিবরণ	তারিখ	সময়
১।	ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে (১) ইঞ্জিনিয়ারিং বিভাগ সমূহ ও ইউআরপি বিভাগে ভর্তি (সারণী-১ এর মেধাক্রম ০১ হতে ৭০০ পর্যন্ত)। (২) আর্কিটেকচার বিভাগে ভর্তি (সারণী-২ এর মেধাক্রম ০১ হতে ৩০ পর্যন্ত)। (৩) সংরক্ষিত আসনে ০১ জন প্রার্থী ভর্তি (সারণী-৩)।	০৭/১২/২০১৭ বৃহস্পতিবার	সকাল ৯.০০ টা
	(১) ইঞ্জিনিয়ারিং বিভাগ সমূহ ও ইউআরপি বিভাগে ভর্তি (সারণী-১ এর মেধাক্রম ৭০১ হতে ১০৮০ পর্যন্ত)।	০৮/১২/২০১৭ শুক্রবার	সকাল ৯.০০ টা
২।	ভর্তিকৃত ছাত্র/ছাত্রীর প্রাপ্ত বিভাগ ও ২য় তালিকা প্রকাশ (উপজাতী/ক্ষুদ্র জাতিসত্তা/নৃ-গোষ্ঠী প্রার্থীসহ আসন খালি থাকা সাপেক্ষে)	১০/১২/২০১৭ রবিবার	রাত্রি ৯.০০ টা


 ২২/১১/২০১৭

(প্রফেসর ড.এস.এম. আব্দুর রাজ্জাক)

সভাপতি

১ম বর্ষ ভর্তি পরীক্ষা কমিটি ২০১৭-২০১৮

ও

ডীন, ফ্যাকাল্টি অব ইলেকট্রিক্যাল এন্ড
কম্পিউটার ইঞ্জিনিয়ারিং

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।